গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়,
চিলমারী , কুড়িগ্রাম।
www.bbs.chilmari.kurigram.gov.bd

স্মারক নং-৫২.০১.৪৯০৯.০০০.৪৫.০১২.২০-

তারিখঃ ১৬ জানুয়ারি ২০২০ খ্রি:
০২ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন "জনশুমারি ও গৃহগণনা ২০২১" এর লিস্টিং অপারেশন এবং মুল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুবমহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে স্বহস্তে পুরণকৃত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃনং | পদের নাম | প্রাপ্য ভাতাদি (টাকা) | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১) | সুপারভাইজার | প্রকল্পের ডিপিপি অনুযায়ী সম্মানি ভাতা প্রাপ্য হবেন | ১) উচ্চমাধ্যমিক পাশ বা সমমান হতে হবে, তবে স্নাতক উর্ত্তীর্ণ গণ অন্যান্য যোগ্যতা পূরণ সাপেক্ষে অগ্রাধিকার পাবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব এবং স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে।<br>৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পুরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২) | তালিকাকারী/গণনাকারী | প্রকল্পের ডিপিপি অনুযায়ী সম্মানি ভাতা প্রাপ্য হবেন | ১) ন্যূনতম এইচ এস সি/সমমানের পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব এবং স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পুরণসাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |

বিঃদ্রঃ উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উর্দ্ধতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

**শর্তাবলী:**

০১) উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চিলমারী, কুড়িগ্রাম এর ওয়েব পোর্টাল www.bbs.chilmari.kurigram.gov.bd এবং জেলা পরিসংখ্যান কার্যালয়, কুড়িগ্রাম এর ওয়েব পোর্টাল www.bbs.kurigram.gov.bd থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক স্বহস্তে পুরণ করে আবেদন করতে হবে।

০২) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট (৩৫০-৪০০) টি খানার তালিকা করবেন, মুল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট (১০০- ১২০) টি খানার তথ্য সংগ্রহ করতে হবে।

০৩) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পুর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।

০৪) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে এবং প্রতিটি জোনে কমপক্ষে ৫০% মহিলা গননাকারি ও সুপারভাইজার নিয়োগ করা হবে ।

০৫) লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মুলশুমারিতে যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।

০৬) লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।

০৭ ) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।

০৮) খামের উপরে প্রার্থীর পদের নাম, প্রার্থীর নিজ মৌজার নাম এবং প্রার্থীর নিজ ইউনিয়নের নাম উল্লেখ করতে হবে।

০৯) সকল পদের আবেদন ফরম আগামী ৩০/০১/২০২০ খ্রি: তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নিধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালিন সময়ের মধ্যে অথবা উপজলো পরিসংখ্যান অফিস, চিলমারী, কুড়িগ্রাম এ পৌছাতে হবে।

১০) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১১) মৌখিক পরীক্ষা অংশগ্রহণের সময় সকল সনদের মুল কপি প্রদর্শন করতে হবে।

১২) শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চিলমারী , কুড়িগ্রাম এর নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়া ও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চিলমারী, কুড়িগ্রাম এর ওয়েব পোর্টালে (www.bbs.chilmari.kurigram.gov.bd) প্রকাশ করা হবে।

১৩) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক ভাবে বাতিল হয়ে যাবে।

১৪) মুল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চিলমারী, কুড়িগ্রাম এর নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়া ও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চিলমারী , কুড়িগ্রাম এর ওয়েব পোর্টালে (www.bbs.chilmari.kurigram.gov.bd) প্রকাশ করা হবে।

১৫। এই নিয়োগ সম্পূন অস্থায়ী শুধু মাত্র শুমারী চলাকালিন সময় পর্যন্ত বলবৎ থাকবে।

১৬। পরীক্ষা সংক্রান্ত নির্দেশনা পরবর্তী সময়ে ওয়েব সাইটে (www.bbs.chilmari.kurigram.gov.bd) এবং উপজেলা পরিসংখ্যান অফিস,চিলমারী, কুড়িগ্রাম এর নোটিশ বোর্ডে জানিয়ে দেওয়া হবে ।

১৭। নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬/০১/২০

( এ,ডব্লিউ, এম রায়হান শাহ্)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার যাচাই-বাছাই ও নির্বাচন কমিটি
চিলমারী , কুড়িগ্রাম।

Scanned by CamScanner